

# প্রথম আলো

## চীন

### ‘উন্নত বিশ্বে গ্রিনহাউস গ্যাস নিঃসরণে শীর্ষে চীন’

প্রথম আলো ডেস্ক



বিশ্বের উন্নত দেশগুলো একসঙ্গে যে পরিমাণ গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ ঘটায়, চীন তার চেয়ে বেশি গ্যাস নিঃসরণ করে। যুক্তরাষ্ট্রের থিঙ্কট্যাংক রোডিয়াম গ্রুপের পরিচালিত নতুন গবেষণা প্রতিবেদনে এমন দাবি করা হয়েছে। ওই গবেষণা বলছে, ২০১৯ সালে বিশ্বে নিঃসরিত গ্রিনহাউস গ্যাসের ২৭ শতাংশ নিঃসরণ ঘটেছে চীনে। খবর বিবিসির।

যুক্তরাষ্ট্রভিত্তিক থিঙ্কট্যাংক বলছে, বেশি গ্রিনহাউস গ্যাস নিঃসরণের তালিকায় চীনের পরেই রয়েছে যুক্তরাষ্ট্র। দেশটি ১১ শতাংশ গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ ঘটিয়েছে। আর ভারত থেকে ৬ দশমিক ৬ শতাংশ গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ ঘটেছে। তালিকায় দেশটি রয়েছে তৃতীয় অবস্থানে।

বিজ্ঞাপন

বিজ্ঞানীরা সতর্ক করে বলেছেন, যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে সমঝোতা না হলে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা করা কঠিন হয়ে দাঁড়াবে।

By using this site, you agree to our Privacy Policy. OK

রোডিয়াম গ্রুপ আরও বলছে, গত তিন দশকে চীনে গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ তিন গুণের বেশি হয়েছে। চীন বিশ্বের অন্যতম জনবহুল দেশ। এ কারণে যুক্তরাষ্ট্রের তুলনায় মাথাপিছু হারে দেশটিতে গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ কম। তবে গবেষণা বলছে, গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ বাড়ছে।

২০৬০ সালের মধ্যে গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ শূন্যে নামিয়ে আনার প্রত্যয় জানিয়েছে চীন। গত মাসে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের উদ্যোগে আয়োজিত জলবায়ু সম্মেলনে চীনের প্রেসিডেন্ট সি চিন পিং বলেন, ‘টেকসই উন্নয়ন নিশ্চিত করা আমাদের প্রয়োজন।’

চীন জ্বালানি শক্তি হিসেবে কয়লার ওপর নির্ভরশীল। দেশটিতে ১ হাজার ৫৮টি কয়লা কারখানা রয়েছে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২১ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK